



আজ বই উৎসব || চার কোটি ২৫ লাখ শিক্ষার্থী পাবে বিনামূল্যে

প্রকাশিত: ০১ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || নির্বাচন ঘিরে চলা রাজনৈতিক ডামাডোলের মধ্যেও আজ বছরের প্রথম দিন প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের চার কোটি ২৬ লাখ ২০ হাজার শিক্ষার্থীর হাতে যাচ্ছে বিনামূল্যে নতুন বকবাকে পাঠ্যবই। দেশব্যাপী পাঠ্যপুস্তক উৎসব পালনের প্রস্তুতি প্রায় শেষ। আজ বিদ্যালয়ে বিদ্যালয়ে উৎসবে শামিল হয়ে শিক্ষার্থীরা হাতে তুলে নেবে তাদের ৩৫ কোটি ২১ লাখ ৯৭ হাজার ৮৮২ কপি পাঠ্যবই। ইতোমধ্যেই উপজেলা ও স্কুল পর্যায়ে পৌঁছে গেছে বইয়ের শতভাগ। আজ সকাল সাড়ে নয়টা ও ১০টায় যথাক্রমে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও প্রাথমিক শিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান কেন্দ্রীয়ভাবে রাজধানীতে উৎসবের উদ্বোধন করবেন। সকাল সাড়ে নয়টায় আজিমপুর গবর্নর্মেন্ট গার্লস স্কুল এ্যান্ড কলেজ মাঠে পাঠ্যপুস্তক উৎসবের উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী। এরপরই সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে প্রাথমিকের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেবেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান।

শিক্ষা মন্ত্রণালয়ের অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মোঃ আলমগীর, এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা এবং শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দফতরসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে ঢাকার ৩১টি স্কুলের ৫ হাজারের অধিক সংখ্যক শিক্ষার্থী উপস্থিত থাকবে। দেশের মাধ্যমিক স্তরের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে এ উৎসব পালিত হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা উৎসবে উপস্থিত থাকবেন।

অন্যদিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে তাদের বই উৎসব অনুষ্ঠিত হবে। এতে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বই উৎসবের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আকরাম-আল-হোসেন।

এনসিটিবির সদস্য অধ্যাপক রতন সিদ্ধিকী সোমবার সন্ধ্যায় জানিয়েছেন, গত ২৩ তারিখেই শতভাগ পাঠ্যবই উপজেলা পর্যায়ে চলে গেছে। সোমবারের মধ্যে বই চলে গেছে স্কুলে স্কুলে। দুর্চিন্তার আর কোন কারণ নেই। রাজনৈতিক ডামাডোল হলেও বই পাচ্ছে সকলে নির্দিষ্ট সময়েই।

নতুন শিক্ষাবর্ষের মোট পাঠ্যপুস্তকের মধ্যে প্রাক-প্রাথমিক স্তরের বই ৬৮ লাখ ৫৬ হাজার ২০ কপি। প্রাথমিক স্তরের ৯ কোটি ৮৮ লাখ ৮২ হাজার ৮৯৯ কপি, ক্ষদ্র নৃ-গোষ্ঠীর ভাষার বই দুই লাখ ৭৬ হাজার ৭৮৪ কপি, ইবতেদায়ির দুই কোটি ২৫ লাখ ৩১ হাজার ২৮৩ কপি এবং দাখিলের তিনি কোটি ৭৯ লাখ ৫৮ হাজার ৫৩৪ কপি ছাপা হয়েছে। মাধ্যমিক (বাংলা ভার্সন) স্তরের ১৮ কোটি ৫৩ হাজার ১২২ কপি এবং একই স্তরের ইংরেজী ভার্সনের ১২ লাখ ৪৭ হাজার ৮২৬ কপি বই ছাপা হচ্ছে। এছাড়া কারিগরি শিক্ষা স্তরের ১২ লাখ ৩৫ হাজার ৯৪৮ কপি, এসএসসি ভোকেশনাল স্তরের এক লাখ ৪৩ হাজার ৮৭৫ কপি, ব্রেইল পাঠ্যপুস্তক পাঁচ হাজার ৮৫৭ কপি এবং সম্পূরক কৃষি (৬ষ্ঠ-৯ম) স্তরের এক লাখ ২৪ হাজার ২৬১ কপি বই ছাপা হয়েছে। প্রাথমিক স্তরের বই ছাপাতে বিদেশী দুটিসহ মোট ৫৪টি প্রতিষ্ঠান এবং মাধ্যমিক স্তরের বই ছাপাতে ১৪৫টি প্রতিষ্ঠানকে কার্যাদেশ দেয় এনসিটিবি। এনসিটিবি চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা এবং মুদ্রণের অবস্থা খুবই ভাল। বইয়ের মানও ভাল হয়েছে।

আগামী জুন-জুলাই থেকে উপানুষ্ঠানিক বইয়ের প্রয়োজন হবে জানিয়ে প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা বলেন, ‘এই বইয়ের সংখ্যা ৩২ লাখের কিছু বেশি। পিপিআর অনুযায়ী, যারা কাজ পাওয়ার যোগ্য তাদেরই এসব বই ছাপার কার্যাদেশ দেয়া হবে। এতে বিদেশী প্রতিষ্ঠান কাজ পেতে পারে; আবার দেশী প্রতিষ্ঠানও পেতে পারে। এনসিটিবির কর্মকর্তারা বলেছেন, উপানুষ্ঠানিক বেশির ভাগ বইয়ের কাজ পাচ্ছে বিদেশী প্রতিষ্ঠান। কারণ তারা অপেক্ষাকৃত কম মূল্যে কার্যাদেশ নিয়ে ইতোমধ্যেই ভালমানের বই সরবরাহ করেছে। কিন্তু দেশীয় কয়েকটি প্রতিষ্ঠান চড়ামূল্যে বই ছেপে এখন উপানুষ্ঠানিক বইয়ের কাজও পেতে চাচ্ছেন। এনসিটিবি চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা আরও বলেন, নির্বাচনের কারণে আমাদের এবার বইয়ের কাজ আগে শেষ করার টার্গেট ছিল। ভালভাবে কাজ হয়েছে। রাজনৈতিক

ডামাডোলের মধ্যেও তাই আমরা বছরের প্রথম দিনই চার কোটি ২৬ লাখ ২০ হাজার শিক্ষার্থীর হাতে বিমামূল্যে নতুন বকবকে পাঠ্যবই পেঁচাতে পারছি। পাঠ্যপুস্তক উৎসব পালনের প্রস্তুতিও শেষ। উৎসবে শামিল হয়ে শিক্ষার্থীরা পাবে ৩৫ কোটি ২১ লাখ ৯৭ হাজার ৮৮২ কপি পাঠ্যবই।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং বাস্টিন, জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৭৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

